

## প্রেস রিলিজ

ঢাকা, ১২ সেপ্টেম্বর

### **বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের ফিডব্যাক সেমিনার অনুষ্ঠিত**


রূপকল্প ২০২১, রূপকল্প ২০৪১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে সরকারি কর্মকর্তাদের সততা, দক্ষতা, নিষ্ঠা ও কর্মতৎপরতার সঙ্গে জনগণের সেবা করতে হবে।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক আজ রাজধানীর বিয়াম অডিটোরিয়ামে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ‘বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)’ শীর্ষক প্রকল্পের আওতায় বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা সেমিনারে অংশগ্রহণ করেন। মন্ত্রণালয়ের সচিব ফয়েজ আহম্মদ এতে সভাপতিত্ব করেন।

প্রতিমন্ত্রী বলেন, সময়ের প্রেক্ষিতে জনপ্রশাসনের কাজের ধরণ বদলে যাচ্ছে। জনগণের আশা-আকাঙ্ক্ষাকে প্রাধান্য দিতে হবে। বর্তমান জনবান্ধব সরকার সাধারণ মানুষের প্রত্যাশা পূরণে নিরলসভাবে কাজ করছে।

তিনি বলেন, কর্মকর্তারা যাতে আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ হয়ে উঠতে পারেন সেজন্য তাদের জন্য দেশে ও বিদেশে মানসম্মত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সভাপতির বক্তৃতায় জনপ্রশাসন সচিব বলেন, বিদেশে কর্মকর্তারা যাতে যুগোপযোগী ও সর্বোত্তম প্রশিক্ষণ লাভ করতে পারেন সেজন্য বিশ্বের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে তাদের প্রেরণ করা হচ্ছে।



১২.০৯.১৮

এ এইচ এম মাসুম বিল্লাহ

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

০১৯৭৪-০৬৮৫২০